



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পবিত্র কুরআনখানী, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

ঢাকা, ১৪ ডিসেম্বর ২০১৮, শুক্রবার ॥

শহীদ বুদ্ধিজীবী দিবস-২০১৮ উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে আজ (১৪ ডিসেম্বর, শুক্রবার) সকাল ১০.০০ টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পবিত্র কুরআনখানী, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এ সময় দেশের জন্য আত্মদানকারী শহীদ বুদ্ধিজীবীদের রুহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। মিলাদ ও মুনাজাত পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম মুফতি এহসানুল হক জিলানী।

মুনাজাতে স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রুহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। এছাড়া মহান মুক্তিযুদ্ধে শহীদ মুক্তিযোদ্ধাদের আত্মার মাগফিরাত কামনা করা হয়।

মুনাজাতে ইসলামিক ফাউন্ডেশনের দ্বীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক ডঃ মোহাম্মদ হারুনুর রশীদসহ ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারি ও সাধারণ মুসল্লীগণ অংশগ্রহণ করেন।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬